

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২২.২২.৩৩৬


তারিখ: ২০ আগস্ট ২৩

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা ইরেসপো কর্মসূচি ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত কাউখালী, পিরোজপুর উপজেলায় আপনি মাঠ সংগঠক হিসেবে বিগত ২২/০৫/২০২২ তারিখ যোগদান করেন। যোগদানের পর হতে অদ্যাবধি আপনি মাত্র ০৭টি সমিতি গঠন ও ২৩.৭০ লক্ষ টাকা ঋণ বিতরণ করেছেন। এছাড়া আপনার ব্লকে কিস্তি আদায়ের হার ৬৬%।

২। উল্লেখ্য, বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্য হতে বেতনভাতা প্রাপ্তি নিশ্চিতকরণের স্বক্ষমতা অর্জনের সুযোগ হিসেবে উক্ত উপজেলায় যোগদানের পর হতে আপনাকে কর্মসূচি দপ্তর কর্তৃক শতভাগ বেতনভাতা সহায়তা প্রদান করা হচ্ছে। সে হিসেবে আপনাকে উক্ত কর্মস্থলে যোগদানের পর হতে জুলাই, ২৩ পর্যন্ত ২,৯১,১৪০.০০ টাকা বেতনভাতা সহায়তা প্রদান করা সত্ত্বেও বিগত ১৫(পনের) মাসে আপনি বিতরণকৃত ঋণের বিপরীতে বেতনভাতা খাতে ১৯৭০৭.০০ টাকা আয় করতে স্বক্ষম হয়েছেন; যা দিয়ে ০১(এক) মাসের বেশী বেতনভাতা পরিশোধ সম্ভব নয়। এতে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আপনি এ ধরনের কার্যক্রম বাস্তবায়নে অক্ষম, অদক্ষ ও অযোগ্য।

এমতাবস্থায়, প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে আপনার দায়িত্ব যথাযথভাবে পালনে অক্ষমতা, অদক্ষতা ও অযোগ্যতা বিবেচনায় কেন আপনাকে কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ পত্রের ২ (ঘ) শর্ত মোতাবেক প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব আগামী ৩০/০৮/২০২৩ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব নবীরুজ্জামান
মাঠ সংগঠক, ইরেসপো,
বিআরডিবি, কাউখালী, পিরোজপুর

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: পিরোজপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, কাউখালী, পিরোজপুর।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।